



বাংলাদেশের
স্বপ্নবর্ত্তজয়ন্তী
Bangladesh



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

টেলিফোনঃ ০২২২৩৩৫৭০২৫ ও ০২২২৩৩৮৪৪১৭

E-mail: md@krishibank.org.bd



পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যাউবি) পরিপত্র নং-১৯/২০২১

তারিখঃ ২৫ অক্টোবর ২০২১

পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকে শাখাসমূহে ব্যবহৃত ফ্লোর স্পেস এর Layout Plan/ ডিজাইন প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ১০৩৮ টি শাখার মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। বিদ্যমান এসকল শাখাসমূহের ব্যবসা পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনার আলোকে ফ্লোর স্পেসের আয়তন নির্ধারণ করা হলেও অভ্যন্তরীণ বিন্যাসের জন্য কোন Layout Plan /ডিজাইন নেই। ব্যাংক ব্যবসার ক্ষেত্র ও পরিধি, গ্রাহক সংখ্যা ও নিজস্ব জনবল ইত্যাদি বিবেচনায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের শাখা সমূহের জন্য তিনটি Layout Plan /ডিজাইন এবং Front Side View/Elevation এর একটি 3D-Drawing প্রস্তুতপূর্বক বিগত ২৭-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৩৩ তম সভার সুপারিশক্রমে ৩১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৯৪ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক অনুমোদন প্রদান করা হয়। পরিচালনা পর্ষদের সদয় অনুমোদনক্রমে শাখাসমূহে ব্যবহৃত ফ্লোর স্পেসের সর্বোচ্চ ব্যবহার এবং নিরাপত্তার বিষয়টি জোরদার করার লক্ষ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের শাখা সমূহের জন্য তিনটি Layout Plan/ডিজাইন এ নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশনা জারী করা হলো।

০২। শাখা ভবনের Layout Plan/ডিজাইনের ক্ষেত্রে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে যথাক্রমে ৩৫০০ থেকে ৪০০০ বর্গফুট, ২৫০০ থেকে ৩০০০ বর্গফুট ও ২০০০ থেকে ২২০০ বর্গফুট আয়তনের পরিসর (Floor Space) ব্যবহার করা যাবে এবং অভ্যন্তরীণ বিন্যাস হবে নিম্নরূপঃ

০২.ক) ৩৫০০ বর্গফুট বিশিষ্ট জেলা পর্যায়ে অবস্থিত শাখাসমূহের জন্য (৬৭'x৫৩')ঃ

- ১২'-৩" x ১৬'-২" সাইজের একটি রিসিপশন এলাকা ও অতিথিদের বসার জায়গা;
- ১২'-৫" x ১৮'-২" সাইজের একটি ম্যানেজারের রুম;
- ৭'-১০" x ১২'-১০" সাইজের একটি ২য় কর্মকর্তার বসার এরিয়া (Area);
- ১১'-৮" x ১৬'-৮" সাইজের এরিয়াতে ৪ জন ক্যাশিয়ার/কর্মকর্তা বসার জায়গা সম্বলিত ক্যাশ কাউন্টার;
- ১২'-৮" x ১২' সাইজের ভোল্ট রুম এবং ভোল্ট রুম সংলগ্ন প্রায় ৭' x ১৬'-৩" সাইজের রেকর্ড রুম/স্টোর রুম;
- ১২' x ১২' সাইজের একটি মিটিং রুম;
- ১২ জনকর্মকর্তা বসার ব্যবস্থা;
- একটি রান্নাঘর, দুইটি মহিলা টয়লেট এবং দুইটি পুরুষ টয়লেট;
- ১২' x ১৬'-৯" সাইজের একটি সিঁড়ির ব্যবস্থা।

০২.খ) ৩০০০ বর্গফুট বিশিষ্ট উপজেলা পর্যায়ে অবস্থিত শাখাসমূহের জন্য (৫২'x৫৮')ঃ

- ১৩'-২" x ১৬'-২" সাইজের একটি রিসিপশন এলাকা ও অতিথিদের বসার জায়গা;
- ১২'-৯" x ১৪'-৪" সাইজের একটি ম্যানেজারের রুম;
- ৮'-১" x ১০' সাইজের একটি ২য় কর্মকর্তার বসার এরিয়া (Area);
- ৯'-১০" x ১৬'-৯" সাইজের এরিয়াতে ৪ জন ক্যাশিয়ার/কর্মকর্তা বসার জায়গা সম্বলিত ক্যাশ কাউন্টার;
- ১২' x ১২' সাইজের ভোল্ট রুম এবং ভোল্ট রুম সংলগ্ন প্রায় ৪' x ১৩' সাইজের রেকর্ড রুম/স্টোর রুম;
- ১০' x ১০' সাইজের একটি মিটিং রুম;
- ৮ জনকর্মকর্তা বসার ব্যবস্থা;
- একটি রান্নাঘর, দুইটি মহিলা টয়লেট এবং দুইটি পুরুষ টয়লেট;
- ১৩' x ১৬'-৯" সাইজের একটি সিঁড়ির ব্যবস্থা।

চলমান পাতা-০২

০২.গ) ২০০০ বর্গফুট বিশিষ্ট ইউনিয়ন পর্যায়ে অবস্থিত শাখাসমূহের জন্য (৪৪'x৪৬')ঃ


- i) ১১'-৬''x১৪'-৭'' সাইজের একটি রিসিপশন এলাকা ও অতিথিদের বসার জায়গা;
- ii) ১১'-১০''x১৫'-৭'' সাইজের একটি ম্যানেজারের রুম;
- iii) ৮'-৬''x১০' সাইজের একটি ২য় কর্মকর্তার বসার এরিয়া (Area);
- iv) ৯'-৪''x১৪'-৩'' সাইজের এরিয়াতে ৪ জন ক্যাশিয়ার/কর্মকর্তা বসার জায়গা সম্বলিত ক্যাশ কাউন্টার;
- v) ৮'x৯' সাইজের ভোল্ট রুম এবং ভোল্ট রুম সংলগ্ন প্রায় ৪'x১২' সাইজের রেকর্ড রুম/স্টোর রুম;
- vi) ১০'x১০' সাইজের একটি মিটিং রুম;
- vii) ৬ জনকর্মকর্তা বসার ব্যবস্থা;
- viii) একটি রান্নাঘর, দুইটি পুরুষ টয়লেট এবং একটি মহিলা টয়লেট;
- ix) ১১'-৮''x১৩' সাইজের একটি সিঁড়ির ব্যবস্থা।

০২.ঘ) শাখার ফ্লোর স্পেসের আয়তন যদি ০২.ক, ০২.খ, ও ০২.গ এ উল্লিখিত আয়তনের চেয়ে কম/বেশী হয় তবে Layout Plan/ডিজাইন আনুপাতিক হারে কম/বেশী হবে।

০২.ঙ) শাখার Interior Design এর ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব বটল গ্রীণ কালারের আধিক্য থাকতে হবে যাতে শাখাসমূহের একটি Unique বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়।

০৩। নতুন শাখা খোলা বা শাখা স্থানান্তরের ক্ষেত্রে উপরোক্ত অভ্যন্তরীণ বিন্যাস Layout Plan/ডিজাইন অনুযায়ী ভবন নির্বাচন করতে হবে। শাখার Front Side View/Elevation অনুমোদিত 3D-Drawing মোতাবেক সম্পাদন করতে হবে। বিদ্যমান শাখা ভবনের ক্ষেত্রে খরচবৃদ্ধি না করে যতটা সম্ভব Layout Plan/ডিজাইন মোতাবেক শাখার ব্যবহৃত ফ্লোর স্পেসের অভ্যন্তরীণ বিন্যাস করতে হবে।

০৪। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে উপরোক্ত শর্তসমূহ পরিপালনপূর্বক সার্বজনীন Layout Plan/ডিজাইন মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে শাখা সমূহের অভ্যন্তরীণ বিন্যাস এবং 3D-Drawing মোতাবেক শাখার Front Side View/Elevation সম্পাদনের জন্য নির্দেশনা জারি করা হলো।



(শিরীন আখতার)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যাউবি-১(৪৫)/২০২১-২০২২/ ৫ ৫০

তারিখঃ ২৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।


জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)